

বরাবর

সচিব

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : সিনিয়র স্কেল পদের ৫০% হিসেবে শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের ০৮-০১-১৯৯৪ তারিখ হতে ভূতাপেক্ষ কার্যকারিতা দিয়ে সিলেকশন গ্রেড স্কেল (৫ম গ্রেড) প্রদান।

জনাব,

যথাযথ সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, অর্থ মন্ত্রণালয়ের পত্র নং-অম/অবি(বাস্ত-১)বিবিধ-২৫/৯৩/২১৮ তারিখ ০২-১১-১৯৯৫ মোতাবেক বিসিএস (প্রশাসন) ক্যাডারের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসক, সিনিয়র সহকারী সচিব ইত্যাদি ও ক্যাডারের সমপর্যায়ের অন্যান্য পদধারী ১ম শ্রেণীর ক্যাডার পদে ১০ (দশ) বৎসর চাকুরী পূর্তি ও সিনিয়র স্কেল পদের ৫০% কর্মকর্তাগণ জ্যেষ্ঠতার ভিত্তিতে মোট সিনিয়র স্কেল পদের ৫০% সিলেকশন গ্রেড হিসেবে ৬৩০০-৮০৫০ টাকার বেতন স্কেল প্রাপ্য হবেন যা ৮-০১-১৯৯৪ তারিখ হতে কার্যকর করা হয়েছে।

সম্প্রতি কৃষি মন্ত্রণালয় স্মারক নং-কৃম/সম্প্র-১/স:৪(সিলেশন গ্রেড)/২০১০/১০৫৫ তারিখ ২৩-০১-১৪১৭ ব:০৬-০৫-২০১০ খ্রি: এক প্রজ্ঞাপন মূলে বিসিএস (কৃষি) ক্যাডারের কর্মকর্তাদের যারা ইতিপূর্বে কৃষি মন্ত্রণালয়ের ২৮-১০-২০০৪ তারিখের কৃম/শাখা-১/স-৫৬/২০০৪/১৮৫৯ ও ২২-০৩-২০০৫ তারিখের কৃম/শাখা-১/স:-৫৬/২০০৪/৫৪৫ সংখ্যক স্মারকে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর টাকা ৯৫০০-১২১০০/- টাকা স্কেলে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রাপ্ত হয়েছিলেন তাঁদেরকে মহামান্য হাইকোর্ট ডিভিশনের রিট মামলার নং-৬৫০৭/২০০৮ এর রায় অনুসারে (কপি সংযুক্ত) ০৮-০১-১৯৯৪ তারিখ হতে ভূতাপেক্ষভাবে জাতীয় বেতন স্কেল'৯১ এর টাকা ৬,৩০০-৮০৫০ টাকা স্কেলে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের ০১-১১-২০০৩ তারিখ থেকে ৬ষ্ঠ গ্রেডের ৫০% পদে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড স্কেল প্রদানের নির্দেশ দেওয়া হলেও, তা কার্যকর হয়নি। ২০০৫ এর জাতীয় বেতন স্কেলে ৬ষ্ঠ গ্রেডের ১০০% পদে সিলেকশন গ্রেড স্কেল দেওয়ার পর শিক্ষা ক্যাডারে উক্ত সিলেকশন গ্রেড স্কেল ০১-০১-২০০৫ তারিখ থেকে কার্যকর করা হয়। ০১-০১-২০০৫ তারিখে শিক্ষা ক্যাডারে কর্মরত অধ্যাপক ও সহযোগী অধ্যাপকগণ উক্ত সিলেকশন গ্রেড স্কেলের আওতা বহির্ভূত ছিলেন। শিক্ষা ক্যাডারের একজন কর্মকর্তা হিসেবে আমি অন্যান্য ক্যাডার কর্মকর্তাদের তুলনায় আর্থিক বৈষম্যের শিকার হয়েছি।

আমি সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-..... তারিখ..... এর প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-..... তারিখ..... পত্রমূলে তারিখে বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করি। তারিখে পদোন্নতিপ্রাপ্ত হয়ে তারিখে সহকারী অধ্যাপক পদে যোগদান করি। আমার চাকুরী তারিখে ১০ বছর পূর্ণ হয়েছে। তাই আমি তারিখ থেকে সিলেকশন গ্রেড স্কেল টাকা পাওয়ার যোগ্যতা অর্জন করেছি।

এমতাবস্থায় আমাকে চাকুরির ১০ বছর পূর্তিতে / ৮-০১-১৯৯৪ তারিখ থেকে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেডে স্কেল প্রদানের জন্য বিনীত আবেদন করছি।

স্বাক্ষর :

নাম :

সংযুক্তি :

- ১) প্রথম নিয়োগে সংস্থাপনের প্রজ্ঞাপন;
- ২) শিক্ষা মন্ত্রণালয়ের প্রভাষক পদে পদায়নের প্রজ্ঞাপন;
- ৩) প্রভাষক হিসেবে যোগদানপত্র;
- ৪) সহকারী অধ্যাপক পদে পদোন্নতির প্রজ্ঞাপন;
- ৫) সহকারী অধ্যাপক পদে যোগদানপত্র।

পদবী :

কর্মস্থল :

আইডি নম্বর

বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্তি সংক্রান্ত তথ্যাদি

বিষয় :

- ১। নাম :
- ২। আইডি নম্বর :
- ৩। জন্ম তারিখ :
- ৪। বর্তমান পদবী :
- ৫। বর্তমান কর্মস্থল :
- ৬। পিএসসির ক্ষেত্রে :
 - ক. প্রভাষক হিসেবে নিয়োগের তারিখ :
 - খ. প্রভাষক হিসেবে যোগদানের তারিখ :
- ৭। আত্তীকৃতদের ক্ষেত্রে :
 - ক. এডহক নিয়োগের তারিখ :
 - খ. যোগদানের/ইফেকটিভ যোগদানের তারিখ:
- ৮। সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি
প্রজ্ঞাপনের তারিখ :
- ৯। সহকারী অধ্যাপক হিসেবে যোগদানের তারিখ :
- ১০। সহকারী অধ্যাপক হিসেবে সিলেকশন গ্রেড
প্রাপ্যতার তারিখ :
- ১১। টেলিফোন নম্বর : ল্যান্ড মোবাইল
- ১২। ই-মেইল :
- ১৩। যোগাযোগের ঠিকানা :
-
-
-